সমকাল

তারিখ 13 SEP 2015
পৃষ্ঠা ... কলাম ...


# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ব্যবহার করা হচ্ছে : মসিউর

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের টিউশন ফির ওপর ভ্যাট আরোপের প্রতিবাদে শিক্ষার্থীদের আন্দোলন প্রসঙ্গে প্রধানমন্ত্রীর অর্থনীতিবিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান বলেছেন, শিক্ষার্থীদের কাছ থেকে এই ভ্যাটের টাকা নেওয়ার কথা নয়। লাভের অংশ কমে যাবে– এ আশঙ্কায়ই হয়তো বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষ শিক্ষার্থীদের ব্যবহার করছে। গতকাল শনিবার রাজধানীর টিসিবি মিলনায়তনে বিবিসি বাংলাদেশ সংলাপে আলোচনায় অংশ নিয়ে ড. মসিউর রহমান এ কথা বলেন।

BBC বাংলাদেশ সংলাপ

অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা এনাম আহমেদ চৌধুরী, অ্যাকশনএইডের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. সায়েমা হক বিদিশা আলোচনায় অংশ নেন।

ভ্যাট আরোপ প্রসঙ্গে এনাম আহমেদ চৌধুরী বলেন, এটি বৈষম্যমূলক আচরণ ও সংবিধান পরিপন্থী। শিক্ষা খাত ভ্যাটের জন্য প্রযোজ্য কি-না তা বিবেচনা করে দেখা উচিত। এটি তো আরও অনেক উপায়ে সংগ্রহ করা যেত। শিক্ষাকে এখানে নিরুৎসাহিত করা হচ্ছে।

নতুন বেতন কাঠামোতে শিক্ষকদের বিশেষ সুবিধা দাবি-সংক্রান্ত প্রশ্নের জবাবে মসিউর রহমান বলেন, চাকরি নেওয়ার সময় সম্মান আর পরে বেতন, কেন এ মানসিক পরিবর্তন সৃষ্টি হচ্ছে তা ভেবে দেখতে হবে। শিক্ষকের সম্মান, কিন্তু অন্য মাপের সম্মান।

সব রাজনৈতিক দলের মধ্যে ঐক্য গড়ে তুলতে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের আহ্বান প্রসঙ্গে মসিউর রহমান বলেন, যদি আমরা বিশ্বাস করি এই ঐক্য দেশের কল্যাণে আসবে, তবে বিবেচনা করে দেখা যেতে পারে। এনাম আহমেদ বলেন, যার যা প্রাপ্য সেটা তাকে দিতে হবে। সৈয়দ আশরাফের এ আহ্বানকে আমরা স্বাগত জানাব।